ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৪৮৯
ধর্মনগর, ৩০ অক্টোবর, ২০২৫

**ধর্মনগরে তামাক নিয়ে**
**সচেতনতা শিবির অনুষ্ঠিত**

তামাক মুক্ত যুব অভিযান এর অঙ্গ হিসাবে ধর্মনগরের গঙ্গানগর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে এক সচেতনতা শিবির অনুষ্ঠিত হয় গত ২৮ অক্টোবর। শনিছড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে অনুষ্ঠিত এই সচেতনতা শিবিরে উপস্থিত ছিলেন চিকিৎসক ডা. আলোক কুমার ধর। শিবিরে ছাত্রছাত্রীদের সামনে তামাকজাত দ্রব্য ব্যবহারের মারাত্মক কুফল সম্পর্কে আলোচনা করেন চিকিৎসক ডা. ধর। বিদ্যালয়ের নবম ও দশম শ্রেণির ছাত্রছাত্রীরা শিবিরে অংশগ্রহণ করে। শিবিরে ছাত্রছাত্রীদের তামাকজাত দ্রব্য ব্যবহারের কু-প্রভাব সম্পর্কে বোঝানো হয়।

******